ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৩৪৭
বিলোনীয়া, ২১ জুন, ২০২৫

**বিলোনীয়ায় আন্তর্জাতিক যোগাসন দিবস উদযাপিত**

রাজ্যের অন্যান্য অংশের সঙ্গে বিলোনীয়াতেও আজ যথাযোগ্য মর্যাদার সঙ্গে একাদশ আন্তর্জাতিক যোগা দিবস পালিত হয়। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর, বিলোনীয়া মহকুমা প্রশাসন ও বিলোনীয়া পুর পরিষদের যৌথ উদ্যোগে বি কে আই মাঠে আয়োজিত মহকুমা ভিত্তিক একাদশ আন্তর্জাতিক যোগাদিবস উদযাপন অনুষ্ঠানের আনুষ্ঠানিক সূচনা করেন বিলোনীয়া পুর পরষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ। তিনি তার ভাষণে বলেন, যোগা শরীর ও মন দুটিকেই সুস্থ রাখে। সুস্থ নেশামুক্ত সমাজ গড়তে যোগার গুরুত্ব অপরিসীম। তিনি যুব সমাজকে নেশা থেকে দূরে থাকতে বেশি করে যোগচর্চা করার আহ্বান জানান। অনুষ্ঠানে মহকুমা শাসক দেবাশিষ দাস যোগার প্রয়োজনীয়তা ও উপকারিতা ব্যাখ্যা করে বক্তব্য রাখেন। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত মহকুমা শাসক আশিষ বিশ্বাস, জেলা শিক্ষা কার্যালয়ের ওএসডি কমল পাল দেববর্মা, বিলোনীয়া পুর পরিষদের ডেপুটি সিইও সনৎ দেওয়ান প্রমুখ। সভাপতিত্ব করেন পুর পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অনুপম চক্রবর্তী। উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের যুগ্ম সচিব বাবুল দেব। অনুষ্ঠানে মহকুমার সাতটি বিদ্যালয়, আইসিভি মহাবিদ্যালয় ও বিভিন্ন দপ্তরের মোট ৮০০ জন যোগচর্চায় অংশ গ্রহণ করে। বিভিন্ন বিদ্যালয় থেকে ছাত্রছাত্রীরা র‍্যালি করে বি কে আই মাঠে অনুষ্ঠানে যোগদান করে।

******